

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২০.১৭০

তারিখ: ২২ বৈশাখ ১৪২৯

০৫ মে ২০২২


বিষয়: বিজ্ঞ আদালতে চার্জশীট গৃহীত প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা ম্যাজিস্ট্রেটসি নীতি অধিশাখা স্মারক নং-০৪.০০.০০০০.৫২১.০০২.২২-৩৭২;  
তারিখ-২৬.০৪.২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ বিবেচ্যপত্রে জানিয়েছেন যে, দুর্নীতি দমন কমিশনের স্মারকের নম্বর: ০০.০০০০.৫০১.০২.০৩৭.২০.১৩৩১১ তারিখ: ৩১.০৩.২০২২ খ্রি. এর মূলে দুদক, সজেকা, ঢাকা-১ এর ৯/১১/২০২০ খ্রি. তারিখের ০৫ নং মামলায় তদন্ত শেষে কমিশনের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত ৩৪ (চৌত্রিশ) জন কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে ৪, ৫ ও ৬ বিরুদ্ধে দণ্ডবিধির ৪০৯/৪৬৭/৪৬৮/৪৭১/১৬১/২০১/৫১১/১০৯ ধারা তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় দুদক, সজেকা, ঢাকা-১ এর চার্জশীট নং-৬২ তারিখ ২৩.১১.২০২১ খ্রি. বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে এবং বিজ্ঞ মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালত, ঢাকা কর্তৃক গত ২৩.০২.২০২২ খ্রি. তারিখে চার্জশীট গৃহীত হয়েছে মর্মে দুর্নীতি দমন কমিশন মন্ত্রিপরিষদ বিভাগকে জানিয়েছে। এছাড়া, আগামী ১৬.০৫.২০২২ খ্রি. তারিখ ই/আর (Report of the warrant of arrest issued against absconding accused) এর জন্য দিন ধার্য আছে।

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা
০৪	জনাব মহাম্মদ মিজানুর রহমান, সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা, পিতা- আব্দুল করিম, মাতা- হনুফা বিবি, গ্রাম- বড় ভৈৎসর, ডাকঘর- চাখার, থানা- বানারীপাড়া, জেলা- বরিশাল।
০৫	জনাব ড. শেলিনা বেগম, উপপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা, স্বামী- মো: আবদুস সালাম, পিতা- মৃত আব্দুল কাদির, ৫৪/৯/বি, বুয়েট কোয়ার্টার, ঢাকা, বাসা নং ৫২/৩০১, বুয়েট স্টাফ কোয়ার্টার, ডাকঘর- পোস্টা-১২১১, লালবাগ, ঢাকা, গ্রাম- বগডহর, থানা- নবীনগর জেলা- বি. বাড়িয়া।
০৬	জনাব মো: জসিম উদ্দিন আখন্দ, কম্পিউটার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, পিতা- মরহুম মো: মেজবাহ উদ্দিন আখন্দ, গ্রাম+ডাকঘর- মহিসার, উপজেলা- ভেদরগঞ্জ, জেলা শরিয়তপুর।

এমতাবস্থায়, বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট-১ এর বিধি ৭৩ নোট ১ ও ২; মন্ত্রিপরিষদ সচিবালয়ের সংস্থাপন বিভাগের ২১.১১.১৯৭৮ তারিখের ED(Reg.-VI)S/123/78-115(500) নম্বর অফিস স্মারক এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯.০২.১৯৮৯ তারিখের রাস/জানি(দুদ)/চা-১(৩১)ঢাকা/৮৮-১৪৩(৪৫) নম্বর সার্কুলার অনুযায়ী ছকে বর্ণিত ক্রমিক নম্বর ৪, ৫ ও ৬ কর্মকর্তার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অবহিত করা হলো।



৫-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

রেজিস্ট্রার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৩২.০০১.২০.১৭০/১

তারিখ: ২২ বৈশাখ ১৪২৯

০৫ মে ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিব এর দপ্তর, দুর্নীতি দমন কমিশন
- ২) অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, জেলা ম্যাজিস্ট্রেসি নীতি অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-৫-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব